

## স্বাস্থ্য বাতায়ন- (16263)

স্বাস্থ্য বাতায়ন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত মোবাইলে প্রদত্ত স্বাস্থ্য সেবা। এই স্বাস্থ্য বাতায়ন হেল্পলাইন 16263 তে কল করে আপনি স্বাস্থ্য সংক্রান্ত যেকোন বিষয়ে ডাক্তারের পরামর্শ নিতে পারেন। এই হেল্পলাইন দিনরাত ২৪ ঘন্টা আপনার সেবায় নিয়োজিত। এছাড়া স্বাস্থ্য বাতায়ন থেকে আপনি সরকারী হাসপাতাল, ডাক্তারের তথ্য কিংবা স্বাস্থ্যসেবা বিষয়ক অন্যান্য যেকোন তথ্য এবং ফোন নাম্বার পেতে পারেন। সরকারী স্বাস্থ্যসেবা অথবা হাসপাতাল বিষয়ক আপনার কোন অভিযোগ কিংবা পরামর্শ থাকলেও এই নম্বরে জানাতে পারেন। সেই অভিযোগ যথাযথ কর্তৃপক্ষকে জানিয়ে দেয়া হবে।

এই সেবা পেতে আপনার মোবাইল থেকে ডায়াল করুন 16263 তারপর

- স্বাস্থ্যসংক্রান্ত পরামর্শের জন্য সরাসরি ডাক্তারের সাথে কথা বলতে 0 (শূন্য) চাপুন।
- নিকটস্থ সরকারী হাসপাতাল, ডাক্তারের তথ্য কিংবা স্বাস্থ্যসেবা বিষয়ক তথ্য জানতে ১ চাপুন।
- সরকারী হাসপাতাল, ক্লিনিক কিংবা অন্যান্য সরকারী স্বাস্থ্যসেবা সম্পর্কে কোন অভিযোগ জানাতে ২ চাপুন।
- স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য বাতায়ন সেবাটি সম্পর্কে বিস্তারিত জানতে ৩ চাপুন।
- স্বাস্থ্য বাতায়ন সেবা সম্পর্কিত কোন পরামর্শ অথবা অভিযোগ জানাতে ৪ চাপুন।

স্বাস্থ্য বাতায়ন সেবাটি বর্তমানে পরীক্ষামূলক ভাবে চালু আছে। এই সেবার মান উন্নয়নের জন্য আপনার পরামর্শ আমাদের একান্ত কাম্য, যাতে বাংলাদেশের সাধারণ নাগরিকগণ এই সেবা দ্বারা উপকৃত হতে পারে। তাই আজই স্বাস্থ্য বাতায়নে কল করে এই সেবা সম্পর্কে জানুন এবং এ সম্পর্কে আপনার সুচিন্তিত মতামত আমাদের জানিয়ে বাংলাদেশের স্বাস্থ্য সেবার উন্নয়নে অংশীদার হোন।